

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭২৩

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

চিত্র সাংবাদিক দেবাশিস বড়ুয়ার  
প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

বরিশ্ঠ চিত্র সাংবাদিক দেবাশিস বড়ুয়ার প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘দৈনিক সংবাদ পত্রিকার বরিশ্ঠ চিত্র সাংবাদিক দেবাশিস বড়ুয়ার প্রয়াণে আমি মর্মান্বিত। গত তিন দশক ধরে চিত্র সাংবাদিকতায় তিনি সাহসিকতার সাথে কাজ করে গেছেন। রাজ্যের গ্রাম পাহাড়ের জীবনযাত্রার ছবি তিনি দক্ষতার সাথে তুলে ধরতেন।’ শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত চিত্র সাংবাদিক দেবাশিস বড়ুয়ার বিদেহী আত্মার শান্তি কামনা করেন ও শোকাহত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান।

\*\*\*\*\*